# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**26 DECEMBER 2025 7:45—7:55**

---

১) রাভা, মিসিং ও তিয়া জনগোষ্ঠীর প্রতিনিধি গোষ্ঠীর বৈঠকে অংশ নিয়ে স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের শীঘ্র তাদের সমস্যা সমাধানের আশ্বাস ।

২) পশ্চিম কার্বি আংলং এর খেরণির ঘটনা সম্পর্কে দিসপুরে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার কার্বি জনগোষ্ঠীর প্রতিনিধিদের সংগে জরুরী বৈঠক ।

৩) গৌহাটীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে দুদিনব্যাপী বিজেপির রাজ্য কার্যনির্বাহক সভা । জাতীয় কার্যকরী সভাপতি নীতিন নবীনের অংশ গ্রহণ ।
এবং

৪) রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু থেকে যোরহাটের আইশী প্রিশাবরার জাতীয় বীর বাল পুরস্কার গ্রহণ । আইশী প্রিশাকে মুখ্যমন্ত্রীর অভিনন্দন ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার উপস্থিতিতে নতুন দিল্লীতে আজ আসামের রাভা ,মিসিং ও তিওয়া জনগোষ্ঠীর এক প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে মিলিত হন । স্বরাষ্ট্রমন্ত্রী জনগোষ্ঠীসমূহের প্রতিনিধিদের দাবীগুলি শোনা সহ প্রকৃত সমস্যা সমাধানের আশ্বাস প্রদান করেন । এই বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী জনগোষ্ঠীগুলির সমস্যা সৌহাদ্যপূর্ণ তথা দীর্ঘমেয়াদীভাবে সমাধান করার জন্য একজন প্রবীণ আধিকারিককে নিয়োগ করবেন বলে জানান ।

---

পশ্চিম কার্বি আংলং এর খেরণিতে সংগঠিত ঘটনা সম্পর্কে দিসপুরে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার উপস্থিতিতে এক জরুরী বৈঠক অনুষ্ঠিত হয় ।বৈঠকে কার্বি জনগোষ্ঠীর

বেশ কয়েকটি দল সংগঠনের প্রতিনিধিরা অংশ নেন ।বৈঠকে রাজস্ব মন্ত্রী কেশব মহন্ত , আসাম পুলিশের বেশ কয়েকজন উচ্চপদস্থ আধিকারিক সহ কার্বি আংলং শ্বশাসিত পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য তুলিরাম রংহান অংশ গ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামী সোমবার নবনির্মিত জ্যোতি-বিষ্ণু প্রেক্ষাগৃহের উদ্বোধন করবেন উত্তর-পূর্বাঞ্চলের এই বৃহৎ প্রেক্ষাগৃহে একসঙ্গে ৫ হাজার লোকের বসার সুবিধা থাকবে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা একথা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

নতুন দিল্লীতে আজ থেকে তিনদিনব্যাপী পঞ্চম সংখ্যক মূখ্য সচিবদের জাতীয় সম্মেলন আরম্ভ হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ও পরশু এই সম্মেলনে অধ্যক্ষতা করবেন । এই সম্মেলন জাতীয় উন্নয়নের অগ্রাধিকারের ওপরে পরিকাঠামোগত ও স্থায়ী আলোচনার মাধ্যমে কেন্দ্র ,রাজ্যের অংশীদারিত্ব শক্তিশালী করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ মাইল ফলক হিসেবে পরিগণিত হয়েছে । সম্মেলনে উন্নয়নমূলক কার্যসূচী চূড়ান্ত করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হবে । রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলসমূহের অনুসরণ করা বিকশিত ভারতের জন্য মানব মূলধন বিষয়টির উত্তম পদ্ধতি ও কৌশলসমূহ নিয়ে এই সম্মেলনে আলোচনা করা হবে । এই বিষয়বস্তুর অধীনে পাঁচটি মূল ক্ষেত্র ---প্রাথমিক শিশু শিক্ষা ,স্কুলের শিক্ষা ,দক্ষতা , উচ্চ শিক্ষা ,ক্রীড়া ও সহ-পাঠ্যক্রমের ওপরে বিশেষ গুরুত্ব দেওয়া হবে । উল্লেখ্য বিগত চার বছর ধরে মূখ্য সচিবদের জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে । ২০২২ সালের জুন মাসে প্রথমবারের মতো এই সম্মেলন অনুষ্ঠিত হয়েছিলো ।

---------------------------------------------------------------------------------

গৌহাটীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে  আজ থেকে দুদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে আসাম প্রদেশ  বিজেপির রাজ্য কার্যনির্বাহক সভা শুরু হয়েছে ।  সভায় দলের জাতীয় কার্যকরী সভাপতি নীতিন নবীন অংশ গ্রহণ করেছেন । লোকপ্রিয় গোপীনাথ বরদলী আর্ন্তজাতিক বিমান বন্দরে উপস্থিত হোয়ার পর জাতীয় কার্যকরী সভাপতিকে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা , দলের রাজ্য সভাপতি দিলীপ শইকীয়া সহ বেশ কয়েকজন মন্ত্রী ও নেতা কর্মীরা তাকে স্বাগত জানান । বিজেপির জাতীয় কার্যকরী সভাপতি রাজ্য বিজেপির কার্যনির্বাহক সভার উদ্বোধনী অনুষ্ঠানে ভাষন দেন । অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ,কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল ,জাতীয় উপাধ্যক্ষ বৈজয়ন্ত জয়পান্ডা ,কেন্দ্রীয় মন্ত্রী পবিত্র মার্ঘেরিটা প্রমূখ উপস্থিত ছিলেন । উল্লেখ্য আগামী বিধানসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে ভারতীয় জনতা পার্টির রাজ্য নির্বাচন প্রবন্ধন সমিতি

গতকাল গঠন করা হয় । সাংসদ প্রদান বরুয়াকে এই সমিতির আহ্বায়কের দায়িত্ব অর্পন করা সহ সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা , রাজদীপ রায় ও অনুপ বর্মনকে সহ - আহ্বায়কের দায়িত্ব অর্পন করা হয়েছে । রাজ্য সভাপতি দিলীপ শইকীয়া ৩৫ জনের এই নির্বাচন প্রবন্ধন সমিতিতে অনুমোদন জানান ।

-------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মূ আজ নতুনদিল্লীতে বীর বাল দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী জাতীয় বাল পুরষ্কার প্রদান করেন । চলতি বছরে ১৮ টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের উল্লেখযোগ্য সাফল্য প্রদর্শন করা ২০ টি শিশুকে এই পুরষ্কার প্রদান করা হয় । অনুষ্ঠানে ভাষন প্রসংগে রাষ্ট্রপতি বলেন যে এই পুরষ্কার , পুরষ্কার প্রাপকদের উৎসাহিত করা সহ সমগ্র দেশের শিশুদের অনুপ্রাণিত করবে ।শ্রীমতী মূর্মূ বলেন পুরষ্কারপ্রাপ্ত শিশুরা সাহসিকতা , কলা ও সংস্কৃতি , পরিবেশ , উদ্ভাবন , বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছে ।

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মূ থেকে যোরহাটের আইশী প্রিশা বরা বাল পুরষ্কার গ্রহণ করে রাজ্যবাসীকে গৌরবান্বিত করেছে । বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য তাকে এই পুরষ্কার প্রদান করা হয়েছে । আইশী প্রিশা বরাকে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে অভিনন্দন জানিয়েছেন । আইশী প্রাকৃতিক কৃষি ও আবর্জনাকে সম্পদে রুপান্তর করার প্রকল্প রুপায়ন করেছে ।

-------------------------------------------------------------------------------------

দেশের অন্যান্য অংশের সঙ্গে আসামেও আজ বীর বাল দিবস পালন করা হয়েছে । শিখ ধর্মগুরু গরু গোবিন্দ সিংয়ের পুত্র বাবা জোরাওর সিং ও বাবা ফতেহ সিংয়ের সাহসিকতা ও বলিদানের সম্মানার্থে এই দিবস পালন করা হয় ।

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা বীর বাল দিবস উপলক্ষ্যে গুরু গোবিন্দ সিংয়ের পুত্রদ্বয়ের বীরত্বের গাঁথা স্মরন করেছেন । মূখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে গুরু গোবিন্দ সিংয়ের সু-পুত্র দুজন খুব কম বয়সে স্ব-ধর্ম ও মাতৃভূমির রক্ষার্থে অদম্য সাহসের পরিচয় দিয়েছিলো ।

-------------------------------------------------------------------------------------

বনবাসী কল্যাণ আশ্রমের স্থাপনা দিবস এবং ঘাড়মুড়া বালক ছাত্রাবাস নবনির্মাণ ভবনের ভূমি পূজন আজ অনুষ্ঠিত হয়েছে । এই কার্যসূচীতে অখিল ভারতীয় বনবাসী আশ্রমের সংগঠন সম্পাদক অতুল যোগ উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে কল্যাণ আশ্রমের আবাসিক ছাত্ররা দেশভক্তি গীত ,পিরামিড এবং ব্যায়াম প্রদর্শন করে । এছাড়াও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

-------------------------------------------------------------------------------------

ছাত্র সংগঠন এ আই ডি এস ও , যুব সংগঠন এ আই ডি ওয়াই ও ,মহিলা সংগঠন এ আই এম এস এস-এর যৌথ উদ্যোগে বাংলাদেশে  দীপু চন্দ্র দাসের নির্মমভাবে হত্যার প্রতিবাদে এবং সেদেশের সংখ্যালঘুদের নিরাপত্তা সুনিশ্চিত করার দাবী জানিয়ে আজ শিলচরে ক্ষুদিরাম মূর্তির পাদদেশে বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । বিক্ষোভ কার্য্যসূচীতে দীপু চন্দ্র দাসের মৃত্যুর ঘটনার উপযুক্ত তদন্ত এবং সেদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের লোকেদের নিরাপত্তার দাবী নিয়ে স্বাগতা ভট্টাচার্য্য , দুলালী গাঙ্গুলী , দিলীপ কুমার রী প্রমূখ বক্তব্য রাখেন ।

-------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি বাইপাসে গতকাল রাতে এক সড়ক দূর্ঘটনায়  এক যুবকের মৃত্যু হয়েছে । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে হাইলাকান্দি শহরের ৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা তথা হার্বাটগঞ্জ বাজারের যুব ব্যবসায়ী ইমরাজ হোসেন লস্কর নামের ঐ ব্যাক্তি বাইকে করে ঘরে যাওয়ার পথে একটি অল্টো গাড়ির সঙ্গে মূখোমূখি সংঘর্ষে ঘটনাস্থলেই মৃত্যু হয় । তার মৃত্যু নিয়ে তার এক নিকট আত্মীয় আমাদের সংবাদদাতাকে জানান -----বাইট

-------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে আজ হাইলাকান্দি স্টেশন রোডে অভিযান চালিয়ে একজন মাদক পাচারকারীকে গ্রেপ্তার করেছে । অভিযানে পুলিশ প্রায় ২৪ গ্রাম হেরোইন উদ্ধার করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে ধৃত মাদক পাচারকারী হচ্ছেন হাইলাকান্দি বোয়ালিপার প্রথম খন্ডের বাসিন্দা আবুল হোসেন লস্কর । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

-------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং ইয়োথ এগেইনস্ট সোসিয়াল ইভিলস, ইয়াসির ব্যবস্থাপনায় আগামী ২৯শে ডিসেম্বর হাতিছড়া চা বাগান হাসপাতালে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

-------------------------------------------------------------------------------------